উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

রাজবাড়ী সদর উপজেলা পরিষদ জুলাই/২০২৫ মাসে অনুষ্ঠিত (১৩ তম) মাসিক সভার কার্যবিবরণী :

সভাপতি : মারিয়া হক
প্রশাসক
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

তারিখ : ১০.০৭.২০২৫ খ্রিঃ, সময় : বেলা ১২.০০ ঘটিকা।
স্থান : উপজেলা পরিষদের সম্মেলন কক্ষ, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে সভা আরম্ভ করেন।

০২। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন :

সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

০৩। অত:পর সদস্য সচিব আলোচ্যসূচী অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র:নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | জনাব ডা: মো: উমর ফারুক, উপজেলা প্রাণী সম্পদ অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন, রাজবাড়ী সদর এর লাম্প স্কিন ডিজিজ এর ১৪৫০ ডোজ হাতে এসে পৌঁছেছে। এই ভ্যাকসিন সংগ্রহের সকল কৃতিত্ব উপজেলা নির্বাহী অফিসার রাজবাড়ী সদর, রাজবাড়ী মহোদয়ের। সে কারণে তিনি এ সভার মাধ্যমে তার দপ্তরের পক্ষ থেকে ধন্যবাদ জানান। এছাড়া তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | ল্যাম্প স্কিন ডিজিজ এর টিকার ডোজ সঠিকভাবে বিতরণের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী ও সংশ্লিষ্ট সকল; |
| ০২. | জনাব মো: জনি খান, উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, রাজবাড়ী সদরে পাট কর্তন শুরু হয়েছে। রোপা আমন ধানের বীজতলা তৈরী শেষ পর্যায়ে রয়েছে এবং স্বল্প পরিসরে রোপন শুরু হয়েছে। চলতি রোপা আমন মৌসুমে ধান আবাদের লক্ষ্যমাত্রা ১৪,৮১৫হেক্টর নির্ধারণ করা হয়েছে। সার ও বীজ সরবরাহ স্বাভাবিক রয়েছে। ভারী বৃষ্টি পাতের কারণে অনেক জায়গায় জলাবদ্ধতা সৃষ্টি হয়েছে এর ফলে রোপা আমনের চারা রোপণ বিলম্ব হবে যা দ্রুত নিষ্কাশন প্রয়োজন। পদ্মা নদীর পানি বৃদ্ধির ফলে মিজানপুর ইউনিয়নের চর বেনীনগর ফসলি জমির ভাঙন শুরু হয়েছে। আশু ব্যবস্থা প্রয়োজন। এছাড়া স্লুইচ গেইট গুলোর ভেন্ট বা রেগুলেটর কৃষকের প্রয়োজন অনুসারে খোলা বা বন্ধ করার জন্য পানি উন্নয়ন বোর্ড, রাজবাড়ী কে অনুরোধ করা হলো। ইতোমধ্যে প্রণোদনা কর্মসূচীর আওতায় ২১৪০ জন কৃষকের মাঝে বিনামূল্যে আমন ধানের বীজ ও সার, ৮০ জন কৃষকের মাঝে পেঁয়াজ বীজ উৎপাদন এর উপকরণ, কৃষক ও প্রতিষ্ঠানের মাঝে ৪৬৫০টি নারিকেল চারা, ৫১০টি তালের চারা, ২১৫২জন শিক্ষার্থীর মাঝে নিম, বেল, জাম ও কাঁঠাল চারা এবং ৪০ জন কৃষকের মাঝে পেঁয়াজ সংরক্ষণের জন্য এয়ার ফ্লো মেশিন বিনামূল্যে বিতরণ সুষ্ঠ ভাবে সম্পন্ন হয়েছে। তিনি জানান উপজেলা পরিষদের জায়গা নিয়ে দেওয়ানি মামলা নং ২৮৭/২২ ও শ্রীপুর উপজেলা জামে মসজিদের জায়গা নিয়ে দেওয়ানি মামলা নং ৭০৮(১২)/২০২৪ চলমান রয়েছে। যা পরিচালনার জন্য উপজেলা পরিষদের পক্ষে উকিল নিয়োগ করা দরকার এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি এ সভার মাধ্যমে অনুরোধ জানান। এছাড়া তার দপ্তরের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | গাছের চারার পরিচর্যা বিষয়ে ফ্লো মেশিন সঠিক ব্যবহারের বিষয়ে কৃষকদের পরামর্শ / প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদর ও সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান; |

| | | | |
|---|---|---|---|
| ০৩. | জনাব গোলাম রব্বানী, উপজেলা প্রকৌশলী, রাজবাড়ী সদর সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন, রাজবাড়ী সদর উপজেলার পৌর ভূমি অফিস, মিজানপুর, সুলতানপুর ও বসন্তপুর ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ স্থলে পুরাতন ভবন অপসারণ ও বিভিন্ন ধরণের গাছ কর্তনের জন্য উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ীকে অনুরোধ জানান। এছাড়া তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | পৌর ভূমি অফিস, মিজানপুর, সুলতানপুর ও বসন্তপুর ইউনিয়ন ভূমি অফিস নির্মাণ স্থলে পুরাতন ভবন অপসারণ ও বিভিন্ন ধরণের গাছ কর্তনের বিষয়ে জেলা প্রশাসক, রাজবাড়ী বরাবরে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী কমিশনার (ভূমি), উপজেলা প্রকৌশলী রাজবাড়ী সদর, রাজবাড়ী, ও সংশ্লিষ্ট সকল। |
| ০৪. | জনাব নার্গিস জাফরী, উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর রাজবাড়ী সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন, রাজবাড়ী সদর উপজেলায় আর্থিক বছর শেষ হয়েছে। সকল প্রাপ্ত বরাদ্দ নীতিমালার আলোকে ব্যয় হয়েছে। তারুণ্যের উৎসব চলমান রয়েছে। পরিকল্পনা অনুযায়ী প্রতিটি বিদ্যালয়ে কার্যক্রম চলমান। শ্রীপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে নিলামে গাছ বিক্রির অনুমতিসহ মূল্য নির্ধারণের জন্য পত্র দেওয়া হয়েছিল। বিভাগীয় বন কর্মকর্তা গাছ কর্তনের অনুমতি সম্ভব নয় বলে ২৪/০৬/২০২৫ তারিখের ১২.০১.২৯০০.৩৬১.১৭.০০৫.২৫.১২১৭ নং স্মারকে পত্র প্রেরণ করেন। তিনি সভায় পত্রটি পাঠ করেন। তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | সরকারী প্রতিষ্ঠান গুলোর বাউন্ডারী দেয়ার বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর ও সংশ্লিষ্ট সকল। |
| ০৫. | জনাব মো: তহলিম আরিফ বিশ্বাস, উপজেলা সমাজসেবা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সকলকে সালাম জানিয়ে বলেন, নতুন অর্থবছর শুরু হয়েছে। বিভিন্ন ভাতার প্রতিস্থাপনের ক্ষেত্রে কোন জীবিত লোক যেন ভুলবশত মৃত দেখানো না হয় এ বিষয়টি খুব সাবধানতার সাথে দেখতে তিনি সকল ইউপি চেয়ারম্যানকে অনুরোধ জানান। এছাড়া আদিবাসীদের কিছু বরাদ্দ এসেছে । এ বিষয়ে শিগ্রই কার্যক্রম শুরু হবে। | ভাতা প্রতিস্থাপনের বিষয়ে সঠিক নীতিমালা অনুযায়ী ভাতা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার ও সংশ্লিষ্ট সকল চেয়ারম্যান। |
| ০৬. | জনাব হালিমা সরদার, সিনিয়র উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন, রাজবাড়ী সদরে দুইটি বিল নার্সারি কার্যক্রম বাস্তবায়ন হয়েছে। উপজেলা মৎস্য অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী এর কার্যালয় থেকে ২০০৫-২০০৬ সাথে ক্ষুদ্র ঋণ দেওয়া হয়েছিল। উক্ত ঋন আদায়ের জন্য নির্দেশনা পাওয়া গেছে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা হবে। এছাড়া তার বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | সরকারী ঋণ আদায়ের বিষয়ে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সিনিয়র মৎস্য অফিসার, রাজবাড়ী সদর ও সংশ্লিষ্ট সকল; |
| ০৭. | জনাব আম্বিয়া বেগম (শিল্পী), উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রাজবাড়ী সদর সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন, ২০২৪-২০২৫ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টি আর) এবং গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিটা/কাবিখা) কর্মসূচীর আওতায় ১ম, ২য় ও ৩য় পর্যায়ের প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর হতে ঈদ উল অযহা/২০২৫ উপলক্ষে (পাঁচুরিয়া, আলীপুর, রামকান্তপুর, শহীদওহাবপুর ও খানগঞ্জ) ইউনিয়নের ভিজিএফ চাল বিতরণের মাষ্টাররোল এখনও পাওয়া যায় নাই। তিনি উক্ত ০৫ টি ইউনিয়নের মাষ্টাররোল দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগে জরুরী ভিত্তিতে দাখিল করার জন্য অনুরোধ করেন। ২০২৪-২০২৫ অর্থ বছরে বিভিন্ন সময়ে অগ্নিকান্ড ও বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ জনগণের মাঝে বরাদ্দকৃত ঢেউটিন ও গৃহ নির্মাণ মঞ্জুরীর অর্থ বিতরণ করা হয়েছে এবং তার দপ্তরের অন্যান্য সকল কাজ স্বাভাবিক ভাবে চলমান আছে। | পাঁচুরিয়া, আলীপুর, রামকান্তপুর, শহীদওহাবপুরও খানগঞ্জ) ইউনিয়নের ভিজিএফ চাল বিতরণের মাষ্টাররুল জরুরী ভিত্তিতে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, রাজবাড়ী সদর ও পাঁচুরিয়া, আলীপুর, রামকান্তপুর, শহীদওহাবপুর ও খানগঞ্জ ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান; |
| ০৮. | জনাব নাজিউর রহমান, উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) রাজবাড়ী সদর, রাজবাড়ী সকলকে সালাম ও শুভেচ্ছা জানিয়ে বলেন, ইউজিডিপি ২ এর প্রাথমিক কার্যক্রম চলমান আছে এবং যথাসম্ভব ২০২৬ সালের প্রথম দিকে ইউজিডিপি ২ এর কার্যক্রম শুরু হবে। যেহেতু ইউজিডিপিতে উপজেলা পর্যায়ের অন্তর্ভুক্তির ক্ষেত্রে পরিচালন ব্যবস্থার উপর দক্ষতা মুল্যায়ণ কার্যক্রম পরিচালিত হয় সেহেতু উপজেলা পরিষদের ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট, উন্নয়ন পরিকল্পনা, বার্ষিক ক্রয় | ২০২৫-২০২৬ অর্থ বছরের বাজেট, উন্নয়ন পরিকল্পনা, বার্ষিক ক্রয় পরিকল্পনা এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক আর্থিক বিবরণী জরুরী ভিত্তিতে প্রনয়ণের সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসক, উপজেলা পরিষদ, রাজবাড়ী সদর ও উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর। |

| | | | |
|---|---|---|---|
| | পরিকল্পনা এবং ২০২৪-২০২৫ অর্থ বছরের বার্ষিক আর্থিক বিবরণী প্রনয়ণ অত্যাবশ্যক। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি এ সভার মাধ্যমে অনুরোধ করেন। | | |
| ০৯. | জনাব মধুসূদন সাহা, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী সকলকে শুভেচ্ছা জানিয়ে বলেন, এ মাসের আগামী ১৬/০৭/২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত কর্মকাল এবং ১৭/০৭/২০২৫ খ্রি: তারিখ হতে অবসর প্রস্তুতি ছুটিতে যাব। তাই তিনি সকলের কাছে রাজবাড়ী সদরে কর্মকালীন সময়ে তার ভুলত্রুটির জন্য ক্ষমা প্রার্থনা করেন এবং সকলের কাছ থেকে যে সহযোগিতা পেয়েছেন তার জন্য সকলকে ধন্যবাদ জানান এছাড়া তিনি বিশেষ ভাবে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে তার সার্বিক কাজে সহযোগিতার জন্য ধন্যবাদ জানান। তিনি আগামী মাসের ১৯ তারিখের মধ্যে জাতীয় বৃক্ষ রোপন সপ্তাহ উপলক্ষে প্রতিটি স্কুলের শিক্ষার্থীদের ১ টি ফলজ, ১ টি বনজ, ১ টি ঔষধী গাছ লাগানোর নির্দেশনার বিষয়টি তুলে ধরেন এবং সকল শিক্ষা প্রতিষ্ঠনকে জানানো হবে মর্মে সভায় জানান। | বৃক্ষ রোপন সপ্তাহ উপলক্ষ্যে প্রতিটি স্কুলের শিক্ষার্থীদের ১ টি ফলজ, ১ টি বনজ, ১ টি ঔষধী গাছ লাগানোর নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ১০. | জনাব মো: শফিউর রহমান, উপ-খাদ্য পরিদর্শক, উপজেলা খাদ্যনিয়ন্ত্রকের কার্যালয়, রাজবাড়ী সদর সকলকে সালাম জানিয়ে বলেন, তাদের রাজবাড়ী সদরে কিছু খাদ্য বান্ধব কার্ড নতুন পাওয়া গেছে। যা সকল ইউনিয়নের মধ্যে বিভাজন করে দেওয়া হয়েছে। উক্ত কার্ড গুলো আগামী মাসের ১৬ তারিখের মধ্যে অনলাইন সম্পন্ন করে পাঠাতে হবে। তিনি আরো জানান যে, কোন ব্যক্তি যে কোন সামাজিক নিরাপত্তা কর্মসূচীর মধ্যে সেবা পেয়ে থাকলে তাদের আবেদন করা যাবে না। এছাড়া তাদের বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক চলছে। | সকল ইউপি চেয়ারম্যানগণ নতুন খাদ্যবান্ধব কার্ডের আবেদন বিধি মোতবেক করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ও সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান; |
| ১১. | জনাব মো: দেলোয়ার শেখ,চেয়ারম্যান, দাদশী ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সকলকে সালাম জানিয়ে বলেন, পূর্বে প্রদত্ত খাদ্যবান্ধব কর্মসূচীর চাউলের কার্ড পরিবর্তন করে নতুনভাবে সকল কার্ড হালনাগাদ করতে পারলে জনগণ উপকৃত হতো। কারণ অনেকেরই তাদের নিজেদের কার্ড অন্য ব্যক্তির হস্তগত হওয়ায় তারা পণ্য তুলতে পারছেনা। তাই তিনি সকল কার্ড হালনাগাদের ও উপজেলা পর্যায়ের কোন অফিস কোন ভবনে ও কত নং ফ্লোরে অবস্থিত তার একটি চার্ট নিচে টাঙ্গিয়ে দেয়ার প্রস্তাব উপস্থাপন করেন। এছাড়া তার ইউনিয়নের অন্যান্য সকল কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | নির্ধারিত সময়ের মধ্যে খাদ্যবান্ধব এর সংযোজিত কোর্ডের তালিকা প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান; |
| ১২. | জনাব মো: মজিবুর রহমান, চেয়ারম্যান, পাঁচুরিয়া ইউনিয়ন পরিষদ, রাজবাড়ী সদর, রাজবাড়ী সকলকে সালাম জানিয়ে বলেন, মাসিক সভায় সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য এর উপস্থিতি খুবই জরুরী। কারণ তার দপ্তর একটি গুরুত্বপূর্ণ দপ্তর যেখান থেকে প্রতিটি ইউনিয়ন চেয়ারম্যানদের বিভিন্ন তথ্য আদান প্রদানের বিষয় রয়েছে। এ বিষয়ে তিনি সভাপতির দৃষ্টি আকর্ষন করেন। উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) এর প্রজেক্ট খুবই ফলপ্রসূ হয় তাই তিনি তার ইউনিয়নে এ প্রকল্পের কাজ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার ও জাইকা অফিসারকে অনুরোধ করেন। এছাড়া তার ইউনিয়নের অন্যান্য সকল কাজ স্বাভাবিক ভাবে চলমান রয়েছে বলে জানান। | নির্ধারিত / যুক্তিসংগত কারণ ছাড়া বিভাগীয় প্রধানগণ মাসিক সভায় অনুপস্থিত থাকতে পারবেনা মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | সকল বিভাগীয় প্রধান। |

০৪। উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী ও প্রশাসক সকলকে সালাম ও শুভেচ্ছো জানিয়ে বলেন,একটি নতুন অর্থবছর আরম্ভ হয়েছে, তাই তিনি সকল ইউনিয়ন ও দপ্তর প্রধানদের টার্গেট অনুযায়ী কাজ করতে অনুরোধ করেন। অত:পর তিনি উপস্থিত সকলকে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানদের তাদের জন্ম ও মৃত্যু নিবন্ধনের টার্গেট সম্পন্ন করতে অনুরোধ জানান। তিনি বলেন, বিভিন্ন সময়ে আমি ইউনিয়ন পরিষদ পরিদর্শনে যাই। এ সময়ে কিছু স্থানীয় জনগণ ও ইউনিয়ন পরিষদ সদস্যগণ দুটি রাস্তায় কাজের জন্য বিশেষভাবে অনুরোধ করেন। এ দুটি রাস্তা হলো ১) বানীবহ ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের লক্ষীনারায়নপুর দুলাল বিশ্বাসের বাড়ী হতে স্বপন সরকারের বাড়ী অভিমুখী রাস্তা সংস্কার ও পাইলিং ও ২) খানখানাপুর ইউনিয়নের মোকবুলের দোকান হতে জজবাড়ী সড়ক মেরামত। তিনি এ সভায় সকলের মতামত চান। তিনি উপজেলা কৃষি অফিসার, রাজবাড়ী সদরের কথার পরিপ্রেক্ষিতে বলেন, উপজেলা

পরিষদের জায়গা নিয়ে দেওয়ানি মামলা নং ২৮৭/২২ ও শ্রীপুর উপজেলা জামে মসজিদের জায়গা নিয়ে দেওয়ানি মামলা নং ৭০৮(১২)/২০২৪ চলমান রয়েছে। যা পরিচালনার জন্য উপজেলা পরিষদের পক্ষে বিজ্ঞ জিপি নিয়োগ করা যেতে পারে। এ বিষয়ে তিনি উপস্থিত সকলের মতামত চান। সকলে বিজ্ঞ জি.পি নিয়োগের বিষয়ে উপস্থিত সকলে একমত প্রকাশ করেন। তিনি আরো বলেন, আমরা দুই ইউনিয়নে হাতের মুঠোয় সকল সেবা অনুষ্ঠানটি করেছি এর পরে আমরা দাদশী ইউনিয়নে এ সেবা প্রদান করতে চাই। তিনি সকল দপ্তর প্রধানদের নির্ধারিত তারিখ ও সময়ে উপস্থিত থাকার অনুরোধ জানান। অত:পর তিনি উপস্থিত সকলকে জুম্মার আগে খুতবায় ডেঙ্গু, মাদক, ইভটিজিং, জঙ্গিবাদ ও বাল্যবিবাহের বিষয়ে সচেতনতা মূলক বক্তব্য প্রদান বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ জানান।

০৫) <u>বিবিধ :</u>

(ক) উপজেলা পরিষদের ব্যয় সংক্রান্ত :

গত মাসে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে নিম্নরূপভাবে ব্যয় করা হয়েছে -

| | |
|---|---|
| উপজেলা পরিষদের মালীর জুন/২০২৫ মাসের বেতন ভাতা বাবদ - | ১৪,৮৫০/- টাকা |
| উপজেলা পরিষদের পরিচ্ছন্নকর্মীর জুন /২০২৫ মাসের বেতন ভাতা বাবদ - | ১৪,৮৫০/- টাকা |

সিদ্ধান্ত : ১) রাজস্ব তহবিল খরচ সংক্রান্ত নীতিমালার আলোকে উক্ত রাস্তাদুটি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২) সর্বসম্মতিক্রমে বানীবহ ইউনিয়নের ৬ নং ওয়ার্ডের লক্ষীনারায়নপুর দুলাল বিশ্বাসের বাড়ী হতে স্বপন সরকারের বাড়ী অভিমুখী রাস্তা সংস্কার ও পাইলিং বাবদ প্রকল্প ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা মাত্র ও

৩) খানখানাপুর ইউনিয়নের মোকবুলের দোকান হতে জজবাড়ী সড়ক মেরামত বাবদ প্রকল্প ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা মাত্র প্রদানের বিষয়টি অনুমোদন করা হয়।

৪) উপজেলা পরিষদের জায়গা নিয়ে দেওয়ানি মামলা নং ২৮৭/২২ ও শ্রীপুর উপজেলা জামে মসজিদের জায়গা নিয়ে দেওয়ানি মামলা নং ৭০৮(১২)/২০২৪ পরিচালনার জন্য বিজ্ঞ জিপিকে কৌশুলী হিসেবে নিয়োগের সিদ্ধান্ত গৃহীত হয় এছাড়াও সকল আইনি খরচ উপজেলা পরিষদ এর নিজস্ব তহবিল হতে মেটানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে : উপজেলা নির্বাহী অফিসার, রাজবাড়ী সদর, রাজবাড়ী।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে জনস্বার্থে নিজ নিজ ক্ষেত্রে নিষ্ঠা ও আন্তরিকতার সাথে কাজ করার আহবান জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১০.০৭.২৫

মারিয়া হক
প্রশাসক
উপজেলা পরিষদ
রাজবাড়ী সদর, রাজবাড়ী।
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা।
তারিখ : ১০.০৭.২০২৫ খ্রি:।

স্মারক নং-০৫.৩০.৮২৭৬.০১৮.০০.০৭.০০২.২৫- ৮৪২(৫০)

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে

০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২। জেলা প্রশাসক, রাজবাড়ী;

অনুলিপি : জ্ঞাতার্থে ও কার্যার্থে

০৩-৫০। ..............................................................
..............................................................
..............................................................
রাজবাড়ী সদর, রাজবাড়ী।

১০.০৭.২৫

উপজেলা নির্বাহী অফিসার
রাজবাড়ী সদর, রাজবাড়ী।